# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**সংশোধিত**

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৩(০৭) তারিখ ঃ ১৭/১১/২০২১ খ্রি.

**বিষয় ঃ <u>২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ এবং কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহে বিতরণ সংক্রান্ত।</u>**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীন অনুষ্ঠিতব্য ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী শিক্ষা বোর্ড হতে কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ এবং কেন্দ্রভুক্ত প্রতিষ্ঠানসমূহে বিতরণের কার্যকরী ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

## কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ ও বিতরণ সময়সূচি ঃ

| জেলার নাম | শিক্ষা বোর্ড থেকে কেন্দ্র ভিত্তিক বিতরণের তারিখ | কেন্দ্র থেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বিতরণের শেষ তারিখ | পরীক্ষার্থীর নিকট বিতরণ |
|---|---|---|---|
| **সকল জেলা** | **১৮/১১/২০২১** (দুপুর ২:০০ টা হতে) | **১৯/১১/২০২১** | **২০/১১/২০২১** |

**উল্লেখ্য যে, ১৮/১১/২০২১ তারিখে সকল কেন্দ্রকে সিকিউরিটি খাম সরবরাহ করা হবে।**

উল্লিখিত সময়সূচী অনুযায়ী তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখা হতে ২০২১ সালের এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর প্রাধিকার প্রাপ্ত শিক্ষক প্রতিনিধি-কে সরবরাহ করা হবে। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভারপ্রাপ্ত অধ্যক্ষ হলে প্রবেশপত্র গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে ভারপ্রাপ্ত অধ্যক্ষের নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়ন পত্র গ্রহণপূর্বক সঙ্গে নিয়ে আসতে হবে। প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে গৃহীত সংশ্লিষ্ট প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র আনতে হবে। **<u>প্রবেশপত্র গ্রহণের পর দিনই কেন্দ্র ফি পরিশোধ সাপেক্ষে কেন্দ্রভুক্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট স্ব স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র অবশ্যই হস্তান্তর করতে হবে।</u>** এক্ষেত্রে কোনরূপ অবহেলা/গাফিলতি/ব্যতিক্রম ঘটলে অথবা কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এককভাবে দায়ী থাকবেন। উল্লেখ্য প্রবেশপত্র হস্তান্তরের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে কেন্দ্র ফি ব্যতিরেকে অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

**উল্লেখ্য, ফরম পূরণ না করা সত্ত্বেও পরবর্তীতে রেজিস্ট্রেশন ইস্যু হওয়ার কারণে বা অন্য কোন কারণে ফি প্রদানের অতিরিক্ত প্রবেশপত্র ইস্যু হয়ে থাকলে উক্ত অতিরিক্ত প্রবেশপত্র বাতিলের জন্য প্রতিষ্ঠান প্রধানের ফরওয়াডিংসহ আগামী ২৫/১১/২০২১ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত হাতে হাতে (কোন ক্রমেই ডাকযোগে নয়) পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে। অতিরিক্ত ইস্যুকৃত প্রবেশপত্রের মাধ্যমে কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করলে উক্ত পরীক্ষা বাতিল করা হবে এবং এ বিষয়ে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন।**

## রেজিস্ট্রেশন কার্ড মোতাবেক প্রবেশপত্র সংশোধন ও ফরমপুরণকৃত পরীক্ষার্থীর না পাওয়া প্রবেশপত্র প্রাপ্তির জন্য শিক্ষা বোর্ডে আবেদন করার এবং শিক্ষা বোর্ড হতে সংশোধিত/না পাওয়া প্রবেশপত্র গ্রহণের সময়সূচি ঃ-

| জেলার নাম | শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষা বোর্ডে আবেদন জমাদানের শেষ তারিখ | শিক্ষা বোর্ড থেকে সংশোধিত/না পাওয়া প্রবেশপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|
| **সকল জেলা** | **২৫/১১/২০২১** | **০১/১২/২০২১** |

**সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র থেকে প্রবেশপত্র গ্রহণের পর পরই জরুরী ভিত্তিতে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল শিক্ষকের সহায়তায় রেজিঃ কার্ড ও প্রবেশপত্র মিলিয়ে যাচাই করবেন। যাচাই অন্তে প্রাপ্ত প্রবেশপত্রে কোনরূপ গড়মিল দেখা দিলে/ফরম পুরণকৃত কোন পরীক্ষার্থীর প্রবেশপত্র না পেয়ে থাকলে কিংবা রেজিঃ কার্ড মোতাবেক প্রবেশপত্র ইস্যু না হয়ে থাকলে উপরের ছকে বর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি ও ফরম পুরণের প্রামাণ্য কাগজপত্রসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করবেন এবং উপরের ছকে বর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে প্রবেশপত্র গ্রহণ করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থী প্রতি ২০০.০০ টাকা এবং পরীক্ষার পর ফল প্রকাশের পূর্ব পর্যন্ত ৪০০.০০ টাকা জরিমানা সোনালী সেবার মাধ্যমে জমাদান সাপেক্ষে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর রেজিঃ কার্ড মোতাবেক প্রবেশপত্র সংশোধনের জন্য আবেদন করতে পারবেন। পরীক্ষার ফল প্রকাশের পর প্রবেশপত্র সংশোধন সংক্রান্ত আবেদন গ্রহণ করা হবে না।**

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**ভারপ্রাপ্ত কর্মকর্তা ও অধ্যক্ষ**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র-২০২১

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৩(০৭)** **তারিখ ঃ ১৭/১১/২০২১ খ্রি.**

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
০২। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৪। অধ্যক্ষ, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ। তাঁকে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করে কেন্দ্র ফি পরিশোধ করতঃ উল্লিখিত তারিখে অবশ্যই তাঁর কলেজের পরীক্ষার্থীদের প্রবেশপত্র গ্রহণ করতে হবে।
০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৬। Website Copy.
০৭। অফিস নথি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
ফোনঃ ০৫৩১- ৫১৮৮১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৪(০৭) **তারিখ ঃ** ১৭/১১/২০২১ খ্রি.

# জরুরী বিজ্ঞপ্তি

**বিষয় ঃ** **২০২১ সালের এইচএসসি পরীক্ষার না পাওয়া প্রবেশপত্র/প্রবেশপত্র সংশোধনী চেয়ে পরীক্ষা শাখায় আবেদন করা সংক্রান্ত।**

০১। প্রবেশপত্র না পেলে ফরমপুরণের প্রমাণসহ প্রবেশপত্র প্রাপ্তির জন্য পরীক্ষা শাখায় আবেদন করা যাবে।

০২। প্রবেশপত্রে পরীক্ষার্থীর প্রয়োজনীয় কোন তথ্য না থাকলে/অস্পষ্ট থাকলে/আংশিক মুদ্রিত থাকলে রেজিস্ট্রেশন কার্ডে মুদ্রিত তথ্য মোতাবেক সংশোধিত প্রবেশপত্র চেয়ে আবেদন করা যাবে।

০৩। প্রবেশপত্রে আংশিক বিষয়কে সকল বিষয় এবং সকল বিষয়কে আংশিক বিষয়ে রূপান্তর সংক্রান্ত সংশোধিত প্রবেশপত্র চেয়ে আবেদন করা যাবে।

**উল্লিখিত ক্ষেত্র ব্যতিত অন্য যে কোন সংশোধনী রেজিস্ট্রেশন সংক্রান্ত সংশোধনী বলে গণ্য হবে বিধায় সেক্ষেত্রে প্রবেশপত্রের সংশোধনী চেয়ে পৃথকভাবে পরীক্ষা শাখায় আবেদন করতে হবে না।**

**বি:দ্র:-** **রেজিস্ট্রেশন কার্ডের কোন সংশোধনী চেয়ে আবেদন করা হলে ঐ রেজিস্ট্রেশন কার্ডের বিপরীতে সংশোধিত প্রবেশপত্র প্রাপ্তির জন্য পরীক্ষা শাখায় পৃথকভাবে আর কোন আবেদন করার প্রয়োজন নেই। সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন করে সরাসরি সংশোধিত প্রবেশপত্র পরীক্ষা শাখা হতে গ্রহণ করা যাবে।**

সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করে প্রবেশ পত্র বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**অধ্যক্ষ**
দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল কলেজ।

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৪(০৭) **তারিখ ঃ** ১৭/১১/২০২১ খ্রি.

**অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ-**

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

০২। Website Copy.

০৩। অফিস কপি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১- ৫১৮৮১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৫(০৭) **তারিখ ঃ** ১৭/১১/২০২১ খ্রি.

**বিষয় ঃ <u>২০২১ সালের এইচএসসি পরীক্ষা "সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে গ্রহণ" শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ।</u>**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে ২০২১ সালের এইচএসসি পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে পরীক্ষার মানোন্নয়ন শীর্ষক কর্মশালা নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক শিক্ষা বোর্ডের ৫ম তলার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কর্মশালায় সংশ্লিষ্ট সকল ভারপ্রাপ্ত কর্মকর্তার সঠিক সময়ে উপস্থিতি বাধ্যতামূলক। বিধায় উক্ত মতবিনিময় সভায় এইচএসসি পরীক্ষার সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | জেলার নাম | কেন্দ্র সংখ্যা | কর্মশালা অনুষ্ঠিত হওয়ার তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | কুড়িগ্রাম | ২৪ টি | **২২/১১/২০২১** | **সভাকক্ষে উপস্থিতি সকাল ১০:৪৫ মিনিট; আসন গ্রহণ সকাল ১০:৫৫ মিনিট; কর্মশালা শুরু বেলা ১১:০০ টা;** |
| ০২. | লালমনিরহাট | ১১ টি | | |
| ০৩. | নীলফামারী | ২৪ টি | **২৩/১১/২০২১** | |
| ০৪. | পঞ্চগড় | ১২ টি | | |
| ০৫. | রংপুর | ৪০ টি | **২৪/১১/২০২১** | |
| ০৬. | গাইবান্ধা | ৩০ টি | **২৫/১১/২০২১** | |
| ০৭. | ঠাকুরগাঁও | ২০ টি | | |
| ০৮. | দিনাজপুর | ৪২ টি | **২৬/১১/২০২১** | |

**বি:দ্র:- কোন ভারপ্রাপ্ত কর্মকর্তা সকাল ১০:৪৫ মিনিটের মধ্যে কর্মশালায় উপস্থিত হতে না পারলে তিনি সভায় অনুপস্থিত আছেন হিসেবে গণ্য হবেন।**

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোন ঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**ভারপ্রাপ্ত কর্মকর্তা**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র-২০২১।

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৫(০৭) **তারিখ ঃ** ১৭/১১/২০২১ খ্রি.

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে-**
০১। হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৩। Website Copy.
০৪। অফিস নথি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
ফোনঃ ০৫৩১- ৫১৮৮১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৬(০৭) **তারিখ ঃ** ১৭/১১/২০২১ খ্রি.

**বিষয় ঃ** **২০২১ সালের এইচএসসি পরীক্ষার উপকরণাদি বিতরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের অলিখিত মূল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময় অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি বিতরণ ও জমাগ্রহণ (ভান্ডার) শাখা হতে সরবরাহ করা হবে। **এ কারণে এইচএসসি পরীক্ষার ভারপ্রাপ্ত কর্মকর্তা-কে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ প্রতিষ্ঠানের একজন শিক্ষক প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হলো।** ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভারপ্রাপ্ত অধ্যক্ষ হলে উপকরণ গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে ভারপ্রাপ্ত অধ্যক্ষের নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়ন পত্র গ্রহণপূর্বক সঙ্গে নিয়ে আসতে হবে। ভারপ্রাপ্ত অধ্যক্ষের প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে গৃহীত সংশ্লিষ্ট প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক সঙ্গে আনতে হবে।

০১। তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি অত্র শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত নিরাপদে পরিবহণের ব্যবস্থা তাঁকে নিজ দায়িত্বে করতে হবে এবং এ কাজের জন্য প্রয়োজনীয় ব্যয় পরীক্ষা কেন্দ্রের তহবিল হতে বহন করতে হবে।

০২। **কেন্দ্রে পৌঁছার পরই প্রাপ্ত উপকরণাদি প্রাপ্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে বিষয়টি পরীক্ষা নিয়ন্ত্রক/সহকারী সচিব জনাব মোঃ ইব্রাহিম আজাদ, মোবাইল নংঃ ০১৭১৮-০০০১৯৭ কে SMS-এর মাধ্যমে অবহিত করতে হবে।**

০৩। তাঁর কেন্দ্রের আওতাধীন কোন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের পরীক্ষার ফি বাবদ কোন বকেয়া পাওনা থাকলে উপকরণাদি গ্রহণের পূর্বেই উক্ত পাওনা পরিশোধ করতঃ অত্র বোর্ডের হিসাব শাখায় ও মাধ্যমিক পরীক্ষা শাখা হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে অন্যথায় পরীক্ষার উপকরণাদি সরবরাহ করা হবে না। এ ব্যপারে তাঁকে অবশ্যই নিশ্চিত হতে হবে।

০৪। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে দিনাজপুর শিক্ষা বোর্ডের Website- www.dinajpureducationboard.gov.bd-এ প্রকাশিত সময়সূচি অনুযায়ী উদ্বৃত্ত ও বিনষ্ট মালামাল, উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, তালা, অলিখিত/অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, খালি বস্তাসহ সকল সরবরাহকৃত উপকরণাদি অবশ্যই পরীক্ষা নিয়ন্ত্রক/চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব মোঃ নাসিমউজজামান, মোবাইল নং ঃ ০১৭১২-২৫২৫৪৩ এর নিকট বুঝে দিতে হবে। উক্ত সময়ে উপকরণ জমাদানে ব্যর্থ হলে এবং মালমাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতিপূরণ আদায় করা হবে। উদ্বৃত্ত উপকরণাদি কোন ক্রমেই পরীক্ষা নিয়ন্ত্রকের নামে/ঠিকানায় (কুরিয়ার/ ডাকযোগে) পাঠানো যাবে না।

০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা গ্রহণকৃত উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে তিনি নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে বুঝিয়ে দিতে বাধ্য থাকবেন।

০৬। **অলিখিত মূল উত্তরপত্র/অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর ব্যবহার করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা হারে জরিমানা সোনালী সেবার মাধ্যমে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপযুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্র সচিবের সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের পিন/সেলাই খোলা থাকলে, কোন ক্রমেই অন্য স্ট্যাপ্লার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরৎ দিতে হবে।**

০৭। বস্তা ও উদ্বৃত্ত প্রশ্নপত্র ফেরৎ দিতে ব্যর্থ হলে ক্রমিক নং -০৬ এর ন্যায় ক্ষতিপূরণ দিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা বাধ্য থাকবেন।

**-ঃ জেলা ভিত্তিক কেন্দ্রওয়ারী উপকরণাদি বিতরণের তারিখ ও সময় নিম্নরূপ ঃ-**

| ক্রঃ নং | জেলার নাম | কেন্দ্র সংখ্যা | বিতরণের তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | কুড়িগ্রাম | ২৪ টি | **২২/১১/২০২১** | **অফিস চলাকালীন সময়** |
| ০২. | লালমনিরহাট | ১১ টি | | |
| ০৩. | নীলফামারী | ২৪ টি | **২৩/১১/২০২১** | |
| ০৪. | পঞ্চগড় | ১২ টি | | |
| ০৫. | রংপুর | ৪০ টি | **২৪/১১/২০২১** | |
| ০৬. | গাইবান্ধা | ৩০ টি | **২৫/১১/২০২১** | |
| ০৭. | ঠাকুরগাঁও | ২০ টি | | |
| ০৮. | দিনাজপুর | ৪২ টি | **২৬/১১/২০২১** | |

পরীক্ষা কেন্দ্রের উদ্বৃত্ত উপকরণ ও মালামাল শিক্ষা বোর্ডে ফেরৎ প্রদানের তারিখ ও সময় যথাসময়ে দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে এবং ভারপ্রাপ্ত কর্মকর্তাকে তাঁর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।

**ভারপ্রাপ্ত কর্মকর্তা ও অধ্যক্ষ**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২১।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৬(০৭) **তারিখ ঃ ১৭/১১/২০২১ খ্রি.**

**<u>অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-</u>**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৩। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৭। পোস্ট মাস্টার জেনারেল, রাজশাহী।
০৮। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী।
০৯। রেলওয়ে সুপারিনটেনডেন্ট, পশ্চিমাঞ্চল, রাজশাহী। তাঁকে পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত বোর্ডে আদান প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১০। স্টেশন সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ রেলওয়ে, দিনাজপুর। তাঁকে পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত বোর্ডে আদান প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১১। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, প্রধান ডাকঘর, দিনাজপুর।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১৩। Website Copy.
১৪। অফিস নথি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**(বিঃদ্রঃ- পরীক্ষার উপকরণ সংক্রান্ত যে কোন সমস্যায় যোগাযোগ করুন ঃ**
**পরীক্ষা নিয়ন্ত্রক/চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব মোঃ নাসিমউজজামান, মোবাইল নংঃ ০১৭১২-২৫২৫৪৩**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৭(০৭) **তারিখ ঃ** ১৭/১১/২০২১ খ্রি.

**বিষয় ঃ** ২০২১ সালের এইচএসসি পরীক্ষার দৈনন্দিন তথ্য আদান-প্রদানের জন্য দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রন কক্ষ খোলা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত তথ্য আদান-প্রদানের জন্য অত্র শিক্ষা বোর্ডে ইতোমধ্যে একটি **"পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ"** খোলা হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন, মোবাইল ও ফ্যাক্স নম্বরসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

টেলিফোন নম্বর ঃ ০২৫৮৮৮১৭৬৯৫

ফ্যাক্স নম্বর ঃ ০৫৩১-৬৬৪২১

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ**
**প্রফেসর মোঃ হারুন-অর-রশীদ মন্ডল**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)
**মোবাইল নম্বর ঃ ০১৭১৬-৫৩০১৫৭**

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

**সচিব**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২১/৩৬৫৭(০৭) **তারিখ ঃ** ১৭/১১/২০২১ খ্রি.

**অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। পরিচালক/উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৪। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০২১।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৮। Website Copy.
০৯। অফিস কপি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

# এইচএসসি পরীক্ষা-২০২১

## পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা-এর অত্যাবশ্যকীয় জরুরি করণীয়

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা/তাঁর প্রতিনিধি এবং ট্যাগ অফিসারকে ট্রেজারী/থানা/ব্যাংক লকার হতে প্রতিদিন প্রতি বেলার ০২ (দুই) সেট প্রশ্নপত্রই পরীক্ষা কেন্দ্রে নিয়ে যেতে হবে। মোবাইল ম্যাসেজের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্দেশিত সেট কোড অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে। অন্য সেটের প্রশ্নের প্যাকেট খোলা যাবে না। কেন্দ্র প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী নিজ প্রতিষ্ঠান কেন্দ্র ব্যতিত অন্য কোন কেন্দ্রে বা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পরীক্ষার কোন দায়িত্ব পালন করতে পারবেন না।

০২। পরীক্ষা শুরুর আধা ঘন্টার পূর্বেই পরীক্ষার্থীকে তার আসন গ্রহণ করতে হবে। সকল পরীক্ষার্থীর বহুনির্বাচনী পরীক্ষা আগে এবং সৃজনশীল পরীক্ষা পরে অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের বহুনির্বাচনী ও সৃজনশীল পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না। বহুনির্বাচনী অংশে ৩০ নম্বরের জন্য যেকোন ১৫টি এবং ২৫ নম্বরের জন্য যেকোন ১২টি প্রশ্নের উত্তর দিতে হবে। উভয়ক্ষেত্রে সময় ১৫মিনিট। সৃজনশীল অংশে ৭০ নম্বরের জন্য যেকোন ০৩টি এবং ৫০ নম্বরের জন্য যেকোন ০২টি প্রশ্নের উত্তর দিতে হবে। সৃজনশীল অংশের জন্য সময় ১ ঘন্টা ১৫ মিনিট।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা কক্ষ পরিদর্শকদের এই মর্মে নির্দেশনা প্রদান করবেন যেন তাঁরা কোন অবস্থাতেই উত্তরপত্রের কভার পৃষ্ঠার OMR-এর উপরে ইংরেজিতে লিখা সিরিয়াল নম্বর ও লিথো কোড বিহীন কোন উত্তরপত্র পরীক্ষার্থীকে সরবরাহ না করেন। বিষয়টি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অবশ্যই নিশ্চিত করবেন। এর ব্যতিক্রম হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। কোন উত্তরপত্রের OMR-এর ১ম অংশ ছেড়া না হলে পরীক্ষা পরিচালনা নীতিমালা ৫(ঙ) মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

০৫। একই দিনে একাধিক বিষয়ের পরীক্ষা থাকলে ঐ দিনের পরীক্ষার উত্তরপত্র প্যাকিং করার সময় এক বিষয়ের উত্তরপত্রের প্যাকেটের ভিতর অন্য বিষয়ের উত্তরপত্র ভুলক্রমেও যেন ঢুকে না যায় সে বিষয়টি সঠিকভাবে তদারকি করবেন এবং একইসাথে এক বিষয়ের বান্ডেল লেবেল যেন অন্য বিষয়ের প্যাকেটে লাগানো না হয় সেটি নিশ্চিত করবেন।

০৬। বহিষ্কার হওয়া পরীক্ষার্থীর উত্তরপত্র শিক্ষা বোর্ডে প্রেরণ ও গোপনীয় ফরম প্রস্তুতকরণের ক্ষেত্রে বিশেষ সাবধানতা অবলম্বন করবেন। বহিষ্কার হওয়া উত্তরপত্র/উত্তরপত্রসমূহ পৃথকভাবে প্যাকেট করে সাদা কাপড়ে মুড়িয়ে সেলাই ও সিলগালা করে প্যাকেটের উপর লাল কালির সিগনেচার কলম দিয়ে বড় করে রিপোর্টেড লিখে শুধুমাত্র রেজিস্টার্ড ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর বরাবরে প্রেরণ করবেন। **এর ব্যতিক্রম হলে এবং কোন বহিষ্কার উত্তরপত্র পরীক্ষকের নিকট বিতরণ হয়ে গেলে এবং তা মূল্যায়িত হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকেই বহন করতে হবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রটি কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হতে পারে।** গোপনীয় ফরমে পরীক্ষার্থীর নাম-ঠিকানা লিখার জন্য যে ঘর রাখা হয়েছে সেগুলো যথাযথভাবে পুরণ করতে হবে। যাতে করে পরীক্ষার্থীকে কারণ দর্শানোর নোটিশ ডাকযোগে পৌছানো যায়।

০৭। **রেজিঃ কার্ড ও প্রবেশপত্র বহির্ভুত বিষয়ে কোন পরীক্ষার্থীকে শিক্ষা বোর্ডের অনুমতি ব্যতিরেকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া যাবে না।**

০৮। **কোন কেন্দ্রের এক বা একাধিক পরীক্ষার্থীর পরীক্ষার ফল স্থগিত বা ক্রস (×) চিহ্নিত আকারে প্রকাশিত হলে পরীক্ষার ফল প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর সংশোধিত ফল প্রকাশের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কেন্দ্রের মাধ্যমে আবেদন করবেন। তবে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র বহির্ভুত বিষয়ে পরীক্ষা দেয়ার কারণে কোন পরীক্ষার্থীর পরীক্ষার ফল স্থগিত বা ক্রস (×) চিহ্নিত আকারে প্রকাশিত হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কেন্দ্রকেই বহন করতে হবে।**

০৯। **পরীক্ষা পরিচালনা নীতিমালা পুস্তিকা একাধিকবার পড়ে তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com


# এইচএসসি পরীক্ষা-২০২১

## পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক কেন্দ্র হতে OMR প্রেরণের নিয়মাবলী

০১। প্রত্যেকটি বিষয় কোড এর OMR শিট আলাদা আলাদা প্যাকেট করবেন।

০২। প্রত্যেক বিষয় আলাদা ২০০ OMR শিটে রাবার দিয়ে প্রতি ২০০ স্লটে ০১টি টপশিট দিয়ে করোগেটেড বোর্ডে প্যাকেট করবেন।

০৩। OMR ফরমের করোগেটেড বোর্ড প্যাকেটের উপর ০১টি টপশিট দিবেন, রাবার অথবা সুতা ব্যবহার করবেন কিন্তু কোন প্রকার টেপ অথবা আঠা ব্যবহার করা যাবে না।

০৪। প্রত্যেক প্যাকেট একত্রে একটি বান্ডেল করে সর্বমোট OMR সংখ্যা লিখে একটি টপশিট দিয়ে পলিথিনে মুড়িয়ে কাপড় দিয়ে সেলাই ও সিলগালা করে পাঠিয়ে দিবেন।

০৫। প্রত্যেকটি টপশিটে বিষয় কোড ও কেন্দ্র কোড লিখতে হবে।

০৬। বান্ডেল এর উপর সিল গালা শেষে কেন্দ্র কোডসহ ঠিকানা ও সর্বমোট OMR সংখ্যা উল্লেখ করবেন।

০৭। **ঠিকানা :** সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।